

লেকচার -১ (২. ১১.২০)

কবি পরিচিতি

নাম	সুকুমার রায়
জন্ম	৩০শে অক্টোবর ১৮৮৭ খ্রিষ্টাব্দ
জন্মস্থান	কলকাতা, পশ্চিম বঙ্গ, ভারত
খ্যাতি	ছোটদের জন্য হাসির গল্প ও কবিতা লিখে বিখ্যাত হয়েছেন
লেখা	সুকুমার রায়ের কয়েকটি অমর সৃষ্টি হলো- আবোল-তাবোল, হ-য-ব-র-ল, পাগলা দাশু, বহুরূপী, খাইখাই, অবাক জলপান
পিতার নাম	উপেন্দ্রকিশোর রায় চৌধুরী
পুত্রের নাম	সত্যজিৎ রায়
মৃত্যু	১০সেপ্টেম্বর ১৯২৩ সালে

সারমর্ম: আবোল তাবোর কথা বলার মানে, মনের খেয়ালে কথা বলতে থাকা । আমরা কথা বলি যাতে অন্যে সে কথা শোনে এবং শুনে কিছু একটা করে । কিন্তু আবোল তাবোল কথা হলো এমন কথা যে কথার কোন অর্থ নেই, যে কথা দিয়ে কিছু বোঝাতে চাইছি না ।

এই কবিতায় একটা লোক মনের আনন্দে কেবলই বকবক করে কথা বলে চলেছে, ইচ্ছে হলে গানও গাইছে । যতক্ষণ না দুচোখে ঘুম নামল ততক্ষণ সে এমনটাই করে গেল ।

** শিক্ষার্থীরা কবিতাটি পাঠ্যবই থেকে ভালোভাবে মনোযোগ দিয়ে কয়েকবার পড়বেন এবং প্রতিটি লাইনের অর্থ বোঝার চেষ্টা করবেন এবং কবিতাটি মুখস্থ করবেন ।